

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২০৯

১/ বিবিধ

আরবী

حلت شفاعتي لأمتي إلا صاحب بدعة  
منكر

أخرجه ابن وضاح القرطبي في كتابه القيم " البدع والنهي عنها " (ص 36) من طريق  
أبي عبد السلام قال: سمعت بكر بن عبد الله المزني أن النبي صلى الله عليه وسلم  
قال: فذكره

قلت: فهذا مرسل، بكر هذا تابعي لم يدرك النبي صلى الله عليه وسلم، ومع إرساله،  
فالسند إليه ضعيف، لأن أبا عبد السلام واسمه صالح بن رستم الهاشمي مجهول كما  
قال الحافظ ابن حجر في التقريب

ومع ضعف إسناد الحديث فهو مخالف لظاهر قوله صلى الله عليه وسلم  
" شفاعتي لأهل الكبائر من أمتي "

وهو حديث صحيح، خلافا لمن يظن ضعفه من المغرورين بآرائهم، المتبعين لأهـ  
ائهم

وهو مخرج من طرق في " ظلال الجنة " (830 - 832) و" الروض النضير " (3 و 65)  
و" المشكاة " (5598)

বাংলা

২০৯। একমাত্র বিদ'আতী ছাড়া আমার উম্মতের সবার জন্য আমার সুপারিশ অত্যাবশ্যকীয় হয়ে যাবে।

হাদীসটি মুনকার।

ইবনু ওযযাহ আল-কুরতুবী “আল-বিদ’উ ওয়ান নাহীউ আনহা” গ্রন্থে (পৃঃ ৩৬) আবু আবদিস সালাম সূত্রে বাকর ইবনু আবদিল্লাহ আল-মুযানী হতে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি মুরসাল। এ বাকর একজন তাবেঈ। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পাননি। মুরসাল হওয়া সত্ত্বেও এটির সনদ দুর্বল। কারণ এ আবু আবদিস সালাম-এর নাম হচ্ছে সালেহ ইবনু রুস্তম আল-হাশেমী, তিনি মাজহুল; যেমনভাবে হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেছেন।

এছাড়াও এ দুর্বল মুরসাল রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা বিরোধী। কারণ তিনি বলেছেনঃ شفاعتي لأهل الكبائر من أمتي আমার শাফা’য়াত আমার উম্মাতের কাবীরা গুনাহকারীদের জন্য। এ হাদীসটি সহীহ। দেখুনঃ “মিশকাত” (৫৫৯৮)।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5469>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন